



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১১-০২-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের উদ্যোগে অদ্য ১১ ফেব্রুয়ারী ২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হতে দিনব্যাপী কুমিল্লা ভাষা সৈনিক শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত স্টেডিয়ামে 'বায়ুফে-কুমিল্লা ডিএফএ গ্রাসরুট ফেস্টিভ্যাল ২০২১' অনুষ্ঠিত হয়। উক্ত প্রোগ্রামে উপস্থিত ছিলেন কুমিল্লা ডিএফএ এর সভাপতি আরফানুল হক রিফাত, সাধারণ সম্পাদক জনাব মোঃ বাদল খন্দকার, কুমিল্লা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক জনাব নাজমুল এহসান ফারুক রুমেন, বায়ুফের প্রশিক্ষক জনাব জাহান ই আলম নূরী রাহেল এবং ডিএফএ এর কর্মকর্তা ও প্রাক্তন খেলোয়াড়বৃন্দ।

উক্ত ফেস্টিভ্যালে মোট ৩৪৮ জন শিশু-কিশোর অংশগ্রহণ করে। উক্ত শিশু-কিশোরদের মধ্যে টি-শার্ট ও খাবার বিতরণ করা হয়। এর ধারাবাহিকতায় প্রতিমাসে ১/২টি করে চলতি বছর ১৭টি জেলায় এবং ২০২১-২০২৩ সালের মধ্যে দেশের প্রতিটি জেলায় 'বায়ুফে-ডিএফএ গ্রাসরুট ফেস্টিভ্যাল' অনুষ্ঠিত হবে।

আহসান আহমেদ আমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।